



PALM CARD ASYLUM SEEKER

**গুরুত্বপূর্ণ তথ্য:** মহানগর পরিবহণ কর্তৃপক্ষ (the Metropolitan Transportation Authority, MTA) বা নিউ ইয়র্ক সিটির অনুমতি ছাড়া পাতাল রেল, জনপথ এবং ফুটপাতে পণ্য বিক্রি করা **নিষিদ্ধ** এবং এর ফলে জরিমানা হতে পারে। পণ্য বিক্রি করা বাচ্চাদের জন্য অনিরাপদ, বিশেষ করে যদি তাদের দেখভাল করার কেউ না থাকে বা তাদের সাথে প্রাপ্তবয়স্ক কেউ না থাকে।

### স্কুল, শিশুযত্ন এবং পারিবারিক পরিষেবাসমূহ কীভাবে পেতে হয় সে সম্পর্কে জানুন

আইনানুযায়ী, নিউ ইয়র্ক সিটির সকল শিশু, যাদের বয়স 6 থেকে 17 বছর (অথবা 1 জুলাইয়ের আগে যাদের বয়স 6 বছর হবে), তাদের **অবশ্যই** বিদ্যালয় বছরের মধ্যেই স্কুলে ভর্তি হতে হবে।

- যেসব শিশুর বয়স জুলাই এবং ডিসেম্বরের মধ্যে 6 বছর হবে তাদের অবশ্যই আসন্ন বিদ্যালয় বছরে স্কুলে ভর্তি হতে হবে। শিশুরা স্কুল বছরের শেষ না হওয়া পর্যন্ত স্কুলে ভর্তি হতে পারে এবং তাদের বয়স 21 বছর না হওয়া পর্যন্ত স্কুলে থাকতে পারে। অভিভাবসন মর্যাদা নির্বিশেষে নগর সরকার (The City) আপনাকে আপনার বাচ্চাদের জন্য প্রয়োজনীয় তথ্য এবং সংস্থার সাথে সংযুক্ত করতে পারে। ছোট শিশুদের নিরাপত্তার স্বার্থে সর্বদা তাদেরকে কাউকে না কাউকে দেখভাল করা উচিত।
- বিদ্যালয়ে ভর্তি এবং প্রয়োজনীয় টিকাদান সম্পন্ন করতে সহায়তার জন্য দেখুন [schools.nyc.gov/fwc](https://schools.nyc.gov/fwc) বা (718) 935-2009 নম্বরে ফোন করুন (সোমবার থেকে শুক্রবার সকাল 8(৮)টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত)।
- **শিশুযত্ন পরিষেবা খুঁজে পেতে সহায়তার জন্যঃ** এখানে কিছু কর্মসূচি রয়েছে যার মাধ্যমে আপনার বাচ্চাদের যত্ন নেওয়া এবং দেখাশোনা করা হবে। এই কর্মসূচিগুলো আপনার অভিভাবসন মর্যাদা নির্বিশেষে পেতে পারেন। ছোট শিশুদের জন্য নেওয়া এই কর্মসূচিগুলো সম্পর্কিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন <https://www.schools.nyc.gov/BrightStarts>
- **যুব মহিলা ও পুরুষের** জন্য কর্মসূচিগুলো সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন <https://discoverdycd.dycdconnect.nyc/home>.
- স্কুল এবং শিশুযত্ন ছাড়াও **পিতামাতা এবং পরিচর্যা দানকারীদের** তাদের পরিবারকে সুরক্ষিত রাখতে এবং আপনার পরিবারের সুস্থতাকে উত্সাহিত করতে **সহায়তা করার** জন্য অনেক পরিষেবা রয়েছে। এ-সম্পর্কে তথ্যের জন্য ইমেইল করুন [connect@acs.nyc.gov](mailto:connect@acs.nyc.gov) ঠিকানায় বা 212-676-7667 নম্বরে ফোন করুন।
- বিনামূল্যে গোপন সংকট বিষয়ে পরামর্শ এবং মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহারের কারণে সহায়তা পেতে **ফোন করুন, খুদে বার্তা পাঠান বা চ্যাট করুন 988** নম্বরে যা 200টিরও বেশি ভাষায় সপ্তাহে প্রতিদিন 24 ঘন্টাই পাওয়া যাবে। সেবাগুলো পেতে দেখুন [nyc988.cityofnewyork.us/en/](https://nyc988.cityofnewyork.us/en/)

### আপনার অধিকার সম্পর্কে জানুন

- অভিভাবসন মর্যাদা নির্বিশেষে একজন কর্মী হিসেবে নিউ ইয়র্ক সিটিতে আপনার **অধিকার আছে**। যথাযথ অনুমোদন ছাড়া পণ্য বিক্রিসহ কাজ বা সেবা দেওয়ার ক্ষেত্রে কেউই আপনাকে বল প্রয়োগ, চাপ সৃষ্টি বা প্রতারণা করতে পারবে না।
  - নিউ ইয়র্ক সিটিতে একজন কর্মী হিসেবে আপনার অধিকার সম্পর্কিত তথ্যের জন্য আপনি নিউ ইয়র্ক সিটি ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগের (NYC Department of Consumer and Worker Protection's, DCWP) ওয়েবসাইট দেখতে পারেন [nyc.gov/workers](https://nyc.gov/workers) এখানে। নিউ ইয়র্ক সিটি কর্মী অধিকার আইনে প্রবেশ করতে আপনি এই QR কোডটি স্ক্যান করতে পারেন।
- 
- যদি আপনি বা আপনার পরিচিত কেউ **কর্মক্ষেত্রে কিংবা বাড়িতে শারীরিক বা মানসিকভাবে সহিংসতার শিকার হয়ে থাকেন** তাহলে তার জন্য সাহায্য পাওয়া যাবে। আপনার জন্য সহজলভ্য পরিষেবাসমূহ এবং সাহায্য সম্পর্কিত তথ্যের জন্য ফোন করতে পারেন 1-800-621-4673 নম্বরে অথবা দেখতে পারেন [nyc.gov/nychope](https://nyc.gov/nychope).
  - **বিনামূল্যে অভিভাবসন আইনি সহায়তার** জন্য মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের আইনি সহায়তা হটলাইন 800-354-0365 এ যোগাযোগ করুন (সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা)
  - **চাকরি খোঁজার ক্ষেত্রে সহায়তাঃ** যেসব নিউ ইয়র্কবাসীর চাকরি করার অনুমোদন আছে Workforce1 তাদেরকে সমগ্র নিউ ইয়র্ক সিটি জুড়ে ও অর্থনীতির সকল ক্ষেত্রে চাকরির জন্য প্রস্তুত করতে ও সংযুক্ত করতে সাহায্য করে। এ-সংক্রান্ত তথ্যের জন্য দেখুন [www.nyc.gov/site/sbs/careers/virtual-wf1cc.page](https://www.nyc.gov/site/sbs/careers/virtual-wf1cc.page)